

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.২০২২/ ৩ ৫৫

তারিখ: ২৫ অক্টোবর, ২০২২ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৩৫/২০২২

বিষয়: আমদানিকৃত “Glass Frits” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্র: Elite Paint & Chemical Industries Ltd. এর ২৩/০৯/২০২২ খ্রিঃ তারিখের আবেদন।

Elite Paint & Chemical Industries Ltd. নামক প্রতিষ্ঠান “Glass Frits” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	Elite Paint & Chemical Industries Ltd.
আবেদনকারীর ঠিকানা	Elite Paint & Chemical Industries Ltd., 92, Baizid Bostami I/A, Bayjid, Chattogram.

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	Glass Frits
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	Granules
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	China
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	3207.40.00

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানীয় পণ্যের বিবরণ:

Glass Frits পণ্যটি Granules রূপে আমদানি করা হবে। পণ্যের মূল উপাদান হচ্ছে Silicon Dioxide, Sodium Oxide এবং Magnesium oxide. এটি বর্ণহীন, গন্ধহীন একটি পণ্য যা রং উৎপাদনের কাঁচামাল হিসেবে ব্যবহৃত হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

সিদ্ধান্তঃ আমদানিতব্য Glass Frits নামীয় পণ্যটি HS Code 3207.40.00 তে শ্রেণীবিন্যাসযোগ্য হবে।

সিদ্ধান্তের পক্ষে যুক্তিঃ Bangladesh Customs Tariff (BCT), 2022-2023 হতে দেখা যায়, Heading 3207 এর Terms গুলো হচ্ছেঃ Prepared pigments, prepared opacifiers and prepared colors, vitrifiable enamels and glazes, engobes (slips), liquid lusters and similar preparations, of a kind used in the ceramic, enameling or glass industry; glass frit and other glass, in the form of powder, granules or flakes. আবার HS Code 3207.40.00 এর terms গুলো হচ্ছেঃ glass frit and other glass, in the form of powder, granules or flakes. অর্থাৎ ঘোষিত পণ্যটি সরাসরি 3207.40.00 এইচ এস কোডে উল্লিখিত আছে। Explanatory Notes এর অনুসারে 3207.40.00 কোডভুক্ত পণ্যের বিষয়ে নিম্নোক্ত ব্যাখ্যা আছেঃ “...in the form of powder, granules or flakes, whether or not colored or silvered” যা ঘোষিত বর্ণনার অনুরূপ। অতএব, General Rules for the interpretation of the harmonized system এর Rule 3(a) অনুসারে এবং পণ্যের প্রদত্ত বর্ণনা মোতাবেক আলোচ্য পণ্যটি এইচ এস কোড 3207.40.00 তে শ্রেণীবিন্যাসিত হওয়া যুক্তিযুক্ত। এমতাবস্থায় BCT এবং Explanatory Notes এর ব্যাখ্যা অনুসারে এবং সংশ্লিষ্ট দলিলাদির আলোকে আমদানিতব্য Glass Frits নামীয় পণ্যটি HS Code 3207.40.00 এ শ্রেণীবিন্যাসযোগ্য হবে। কাস্টমস রুলিং (অগ্রিম), বিধিমালা, ২০১৬ এর বিধি ০৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হল।

- ৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:
এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।
- ৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:
(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।
(খ) এই অগ্রিম রুলিং এ সংশ্লিষ্ট হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-২৫/১০/২০২২

(মোঃ মাসুদ সাদিক)

সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস


কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.২০২২/ ৬ ৫৫

তারিখ: ২৫ অক্টোবর, ২০২২ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) / (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।
- ১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ২১-২২। কমিশনার, কাস্টমস বন্দ কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।
- ২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২৬। Elite Paint & Chemical Industries Ltd., 92, Baizid Bostami I/A, Bayjid, Chattogram.
- ২৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২৮। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)


(মুকিতুল হাসান)
দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ই-মেইল: nbrclassification@gmail.com